

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন -১ অধিশাখা
www.sid.gov.bd

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত জনশুমারি ও গৃহগণনা ২০২১ বিষয়ক “প্রারম্ভিক কর্মশালা” সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ (কক্ষ নং-১১০৪, ব্লক-এ)।
সভার তারিখ ও সময়: ০৬ জানুয়ারি ২০২০, সোমবার, বিকাল: ০৪.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) মাহমুদা আকতার সভায় জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত জনশুমারি ও গৃহগণনা ২০২১ বিষয়ক “প্রারম্ভিক কর্মশালা” আগামী ০৯ জানুয়ারি ২০২০ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় বিবিএস অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান এমপি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ এবং ড. আহমদ কায়কাউস, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। তিনি উক্ত অনুষ্ঠান সফল বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প ও অনুষ্ঠান সফল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত বিভিন্ন উপকমিটির আহ্বায়কগণকে তাঁদের প্রস্তুতি সম্পর্কে সভাকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

০২। জনাব মো. জাহিদুল হক সরদার, প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প সভায় জানান যে, আগামী ০৯/০১/২০২০ তারিখ অনুষ্ঠিতব্য প্রারম্ভিক কর্মশালা সফল করার জন্য ইতোমধ্যে আমন্ত্রণপত্র ছাপানো হয়েছে এবং আমন্ত্রিত অতিথি ও কর্মকর্তাদের মাঝে বিতরণ করা হয়েছে। উক্ত কর্মশালায় অংশগ্রহণকারীদের মাঝে বিতরণের জন্য ব্যাগ ও অন্যান্য উপকরণ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি কর্মশালা আয়োজনের অগ্রগতি বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

০৩। অতঃপর সভায় উপস্থিত বিভিন্ন কমিটির আহ্বায়কগণ প্রারম্ভিক কর্মশালা সফল বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের স্ব স্ব কমিটি কর্তৃক গৃহীত প্রস্তুতিমূলক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। সভাপতি উপস্থিত সকলকে প্রারম্ভিক কর্মশালা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

- ০১। প্রারম্ভিক কর্মশালায় আমন্ত্রিত অতিথি ও কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। যারা এখনো আমন্ত্রণপত্র পাননি অবিলম্বে তাঁদের নিকট তা পৌঁছাতে হবে।
- ০২। মানসম্মত প্রশিক্ষণ উপকরণ সংগ্রহ করতে হবে।
- ০৩। আগামী ০৯/০১/২০২০ তারিখ কর্মশালার দিন পরিসংখ্যান ভবনের সামনে আমন্ত্রিত অতিথিদের গাড়ি পার্কিং এর সুবিধার্থে গাড়ি পার্কিং এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- ০৪। আমন্ত্রিত অতিথিদের অভ্যর্থনা জানানো এবং অডিটরিয়ামে তাঁদের আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ০৫। অডিটরিয়ামের পার্শ্ববর্তী কনফারেন্স রুমে বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীদের আসন ব্যবস্থা করতে হবে এবং অডিটরিয়ামের সামনে লবিতে প্রয়োজনীয় সংখ্যক চেয়ার রাখতে হবে।
- ০৬। আমন্ত্রিত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার কর্মীদের জন্য আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ০৭। অনুষ্ঠানের দিন পরিসংখ্যান ভবনের লবি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

- ০৮। নির্বিঘ্ন সাউন্ড সিস্টেম নিশ্চিত করতে হবে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ০৯। ডকুমেন্টেশনের জন্য ছবি তোলা, ভিডিও ও অডিও রেকর্ডিং নিশ্চিত করতে হবে এবং প্রেসরিফিং প্রস্তুতসহ বিভিন্ন পত্রিকা, টিভি চ্যানেলের সঙ্গে যোগাযোগপূর্বক ব্যাপক প্রচার নিশ্চিত করতে হবে।
- ০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

০৭/০১/২০২০

(সৌরেন্দ্র নাথ চক্রবর্তী)

সচিব


পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৫.১১.১২৪.১৯.১৪/১(০৭)

তারিখঃ ২৩ পৌষ ১৪২৬
০৭ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৩। পরিচালক, সেক্সাস উইং ও প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প, বিবিএস, ঢাকা।
- ০৪। আহ্বায়ক/সদস্য-সচিব.....
- ০৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি।


মোঃ রফিকুল ইসলাম
উপসচিব